# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ১. ১৮. যীশুর উপহার নির্মম শাসক!

যীশু বলেন: “আর যে জয় করে ও শেষ পর্যন্ত আমার হুকুম করা কাজগুলো পালন করে, তাকে আমি নিজে পিতা থেকে যেমন পেয়েছি, তেমনি জাতিদের উপরে কর্তৃত্ব দেব; তাতে সে লোহার দ- দ্বারা তাদের এমনি শাসন করবে যে, কুমারের মাটির পাত্রের মত চুরমার করে ফেলবে। আর আমি প্রভাতী তারা (the morning star) তাকে দেব।” (প্রকাশিত কালাম ২/২৬-২৮, মো.-১৩)

এখানে যীশু শেষ পর্যন্ত তাঁর আদেশ অনুসারে কর্ম করলে তাকে রাজত্ব দেওয়ার প্রতিশ্রুতি প্রদান করছেন এবং নিশ্চিত করছেন যে, সে রাজা প্রচণ্ডতম নৃশংসতার সাথে জনগণকে শাসন ও নিপীড়ন করবে। তাহলে এরূপ নৃশংসতাই কি ‘শেষ পর্যন্ত পালনীয় যীশুর আদেশ’? এই কি মানব জাতির মুক্তির জন্য যীশুর প্রেম ও আত্মত্যাগ? আমরা দেখেছি যীশু অন্যত্র নির্দেশ দিয়েছেন তাঁর রাজত্ব গ্রহণে অনিচ্ছুকদের ধরে এনে জবাই করতে। তাঁর এ ইচ্ছার বাস্তবায়নের জন্যই কি তিনি এরূপ রাজাকে রাজত্ব প্রদান করবেন? গ্যারি ডেভানি বলেন:

“Jesus will put a tyrant "who does His will to the end" over nations and he will dash other nations to pieces like pottery? Do you think that is something a tyrant would do? Does Revelation describe that Jesus is dashing other nations (of people) to pieces AT the end time or AFTER the end time in Jesus' Heaven? Will Jesus, as a master tyrant, do this evil on other nations - or - did Jesus lie? What bothers me the most is: Why do Christians currently support, promote, worship and finance such a character as Jesus Christ, who would "dash other nations to pieces like pottery"?

“যীশু জাতিগুলোর উপর একজন নৃশংস স্বৈরশাসককে চাপিয়ে দেবেন যে শেষ পর্যন্ত তাঁর ইচ্ছা পালন করবে এবং কুমোরের মাটির পাত্রের মত অন্য জাতিদেরকে চুর্ণবিচুর্ণ করবে? আপনি কি মনে করেন কোনো নৃশংস স্বৈরশাসকের পক্ষেই এরূপ করা সম্ভব? প্রকাশিত বাক্যের বর্ণনায় যীশু এভাবে অন্যান্য জনগোষ্ঠী চুর্ণবিচুর্ণ করবেন কখন? কিয়ামতের পূর্বে শেষ জামানায়? না কিয়ামতের পরে যীশুর স্বর্গের মধ্যে? নৃশংসতার মূল গুরু হিসেবে এ কর্ম করে যীশু কি অন্যান্য জাতির প্রতি কোনো অন্যায় করবেন? অথবা যীশু কি মিথ্যা বলেছেন? যে বিষয়টা আমাকে সবচেয়ে বেশি উদ্বিগ্ন করে তা হল, কেন খ্রিষ্টানরা বর্তমানে যীশুর মত এরূপ একজন ব্যক্তিত্বকে সমর্থন, প্রচার এবং ইবাদত করছেন যিনি অন্যান্য জাতিকে কুমোরের মাটির পাত্রের ন্যায় চুরমার করবেন?”

Source — https://www.hadithbd.com/books/link/?id=14366

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন